



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ২৭/১২/২০২০খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অফিস, বিশ্ববিদ্যালয় ক্লাব ও শিক্ষার্থীদের সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সভাকক্ষ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির অফিস, শিক্ষকদের জন্য বিশ্ববিদ্যালয় ক্লাব ও শিক্ষার্থীদের সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের ব্যবহারের জন্য সভাকক্ষ উদ্বোধন করা হয়েছে। অদ্য ২৭ ডিসেম্বর ২০২০ তারিখ দুপুর ১:০০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় টিএসসি ভবনের ৫ম তলায় শিক্ষক সমিতির জন্য অফিস, শিক্ষকদের জন্য বিশ্ববিদ্যালয় ক্লাব ও ৩য় তলায় শিক্ষার্থীদের সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের ব্যবহারের জন্য সভাকক্ষ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এ সময় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম, প্রক্টর ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির অন্যান্য নেতৃবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষকমণ্ডলী, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়